

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬৯৮

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর অধিকার, তাঁর প্রতি দর্মদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

আরবী

عَنْ سُهَيْلٍ قَالَ: رَآنِيَ الْحَسَنُ بْنُ الْحَسَنِ بْنِ عَلِيّ بْنِ أَبِي طَالِبِ عِنْدَ الْقَبْرِ فَنَادَانِي وَهُوَ فِي بَيْتِ فَاطِمَةَ يَتَعَشَّى فَقَالَ: هَلُمَّ إِلَى العِشَاءِ، فَقُلْتُ: لَا أُرِيْدُهُ فَقَالَ: مَالِي رَأَيْتُكَ عِنْدَ الْقَبْرِ؟ فَقُلْتُ: سَلَّمْتُ عَلَى النَّبِي عَيْلِي فَقَالَ: (إِذَا دَخَلْتَ الْمَسْجِدَ فَسَلَّمْ) ثُمَّ قَالَ: إِنَّ لِلْقَبْرِ؟ فَقُلْتُ: سَلَّمْتُ عَلَى النَّبِي عَيْلِي فَقَالَ: (إِذَا دَخَلْتَ الْمَسْجِدِ فَسَلَّمْ) ثُمَّ قَالَ: إِنَّ رَسُوْلَ الله عَلَي قَالَ: (لَا تَتَّخِذُواْ قَبْرِي عِيْدًا وَلَا تَتَّخِذُواْ بُيُوْتَكُمْ قُبُوْرًا وَصَلُّوا عَلَيَّ، فَإِنَّ صَلَلْتَكُمْ تُبُلِّ قَالَ: (لَا تَتَّخِذُواْ قَبْرِي عِيْدًا وَلَا تَتَخذُواْ قُبُوْرَ أَنْبِيَائِهِمْ مَسَاجِد) مَا أَنْتُمْ صَلَلَتَكُمْ تُبَلَّغُنِي حَيْثُما كُنْتُمْ، لَعَنَ اللهُ الْيَهُوْدَ اِتَّخَذُواْ قُبُوْرَ أَنْبِيَائِهِمْ مَسَاجِد) مَا أَنْتُمْ وَمِن بِالْأَنْدَلُس إِلَّا سواء

বাংলা

(১৬৯৮) সুহাইল বলেন, একদা (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নাতির ছেলে) হাসান বিন হাসান বিন আলী আমাকে কবরের নিকট দেখলেন। তিনি আমাকে ডেকে পাঠালেন। সেই সময় তিনি ফাতেমার বাড়িতে রাতের খাবার খাচ্ছিলেন। আমি উপস্থিত হলে তিনি বললেন, 'এসো খানা খাও।' আমি বললাম, 'খাবার ইচ্ছা নেই।' অতঃপর তিনি বললেন, 'কী ব্যাপার যে, আমি তোমাকে কবরের পাশে দেখলাম?' আমি বললাম, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সালাম দিলাম।' তিনি বললেন, 'যখন মসজিদে প্রবেশ করবে, তখন সালাম দেবে।'

অতঃপর তিনি বললেন, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''তোমরা আমার কবরকে ঈদ বানিয়ে নিয়ো না। তোমাদের ঘরকে কবর বানিয়ে নিয়ো না। তোমরা যেখানেই থাক, সেখান থেকেই আমার উপর দরূদ পাঠ কর। কারণ তোমাদের দরূদ আমার নিকট (ফিরিশতার মাধ্যমে) পৌঁছে যায়। আল্লাহ ইয়াহুদকে অভিশাপ করুন। কারণ তারা তাদের নবীগণের কবরসমূহকে মসজিদ (সিজদা ও নামাযের স্থান) বানিয়ে নিয়েছে। (এ ব্যাপারে এখানে) তোমরা এবং উন্দুলুসের লোকেরা সমান।

ফুটনোট



(সুনান সাঈদ বিন মানসূর, আহকামুল জানায়েয, আলবানী ২২০পৃঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন